

১। সৌদি আরবের প্রধান তেল পরিবহণ চ্যানেল 'ইস্ট ওয়েস্ট' পাইপলাইন অপর কি নামে পরিচিত?

✓ 'পেট্রোলাইন' নামে।

২। রাজধানীর যানজট সমস্যা নিরসনে সরকার একনেক (ECNEC) সভায় কতোটি মেট্রোরেল প্রকল্পের অনুমোদন দিয়েছে?

✓ তিনটি; এমআরটি-১, এমআরটি-৫ (উত্তর) ও এমআরটি-৫ (দক্ষিণ)।

৩। সৌদি আরব সম্প্রতি কোন নগরী লক্ষ্য করে হুতি বিদ্রোহী গোষ্ঠী কর্তৃক ড্রোন হামলার অভিযোগ তুলেছে?

✓ পবিত্র মক্কা নগরী।

৪। মুডি'স রেটিং (Moody's Rating) কি?

✓ মুডি'স কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ঋণমান রেটিং যা কোন দেশ, প্রতিষ্ঠান বা সংস্থাকে ঋণ প্রদান করা কতখানি নিরাপদ তা নির্ধারণ করে থাকে।

৫। 'মহান শিক্ষা দিবস' কবে পালন করা হয়?

✓ ১৭ সেপ্টেম্বর (১৯৬২ সালের শিক্ষা অধিকার আন্দোলনে নিহত শহীদদের স্মরণে)।

৬। মুদ্রানীতির অসম্ভব ত্রিত্ব (Impossible Trinity) তত্ত্ব কি?

✓ মুদ্রানীতির স্বায়ত্তশাসন, পুঁজির বাধাহীন চলাচল ও বিনিময় হারের স্থিতিশীলতা এই তিনটির ভেতর যে কোন একটিকে হারিয়ে অপর দু'টি অর্জনের সক্ষমতা।

৭। অর্থ মন্ত্রণালয়ের নতুন নির্দেশিকা অনুযায়ী, ব্যাংক কর্মকর্তা-কর্মচারীদের বোনাসের পরিমাণ কিসের উপর নির্ভরশীল?

✓ ব্যাংকের সামগ্রিক আর্থিক ফলাফল ও ঋণ আদায়ের সক্ষমতার উপর।

৮। ২০তম এশিয়ান গেমস কোথায় অনুষ্ঠিত হবে?

✓ জাপানের নাগোয়া শহরে।

৯। ক্লাসিক স্ট্যাগফ্লেশন কি (Classic Stagflation) কি?

✓ একটি জটিল অর্থনৈতিক অবস্থা যেখানে উচ্চ মুদ্রাস্ফীতি এবং ধীর অর্থনৈতিক প্রবৃদ্ধি একত্রে দেখা দেয়।

১০। সম্প্রতি ভেনিসে ইন্ডিপেনডেন্ট ফিল্ম ক্রিটিকস অ্যাওয়ার্ড (প্রেমিও বিসাতো দ'ওরো) অর্জন করেছে বাংলাদেশের কোন চলচ্চিত্র?

✓ দ্য ডিফিকাল্ট ব্রাইড (পরিচালক রুবাইয়াত হোসেন)।